



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/উমা/২০২০/ ২১৪

২৪ ফাল্গুন, ১৪২৬ ব:  
তারিখ: ০৮ মার্চ, ২০২০ খ্রি

বিষয়ঃ ২০২০ সালের এইচএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী বিতরণ।

উপরোক্ত বিষয়ে জানাচ্ছি যে, ২০২০ সালের এইচএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী নিম্নবর্ণিত তারিখে পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) পরীক্ষা সামগ্রী গ্রহণ করতে পারবেন। উপরোক্ত পরীক্ষা সামগ্রী গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃনং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১.	পটুয়াখালী, ভোলা	২২/০৩/২০২০ রবিবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২.	বরগুনা, পিরোজপুর ও ঝালকাঠি	২৩/০৩/২০২০ সোমবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩.	বরিশাল	২৪/০৩/২০২০ মঙ্গলবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বিঃদ্রঃ প্রবেশপত্রে কোনো ভুল পরিলক্ষিত হলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ৩১/০৩/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান অথবা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে উপস্থিত হতে হবে। উল্লেখ্য উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ৩০০/= (তিনশত) টাকা হারে জরিমানা ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিয়ে সংশোধন করা যাবে।

উল্লেখ্য পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট (বাঁধাইসহ), অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য ২০০/= (দুইশত) টাকা হারে জরিমানা ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

  
০৮.০৩.২০২০

অরুন কুমার গাইন # ১০২৬০

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০৪৩১-৬৪০৮৫

barisalboard@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত সকল এইচএসসি পরীক্ষাকেন্দ্র-২০২০